Mr. Shavafat Ali
24 FEB 2020

# বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা।

## জরুরী বিজ্ঞপ্তি

স্মারক নং প্রবি/কম্প/ছাহি/ব-১২/সি- ৩৭৯ তারিখ ঃ ২৩/০২/২০২০ইং

এই বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত সকল লেভেল, টার্ম এবং শিক্ষাবর্ষের ছাত্র-ছাত্রীদের জানানো যাচ্ছে যে, গত ১৭/০৬/২০১৯ইং তারিখের অর্থ মন্ত্রণালয়ের ৩৭.০০.০০০০.১০২.২০.০১৮.১৫-২৪৬ স্মারকের সিদ্ধান্ত মোতাবেক বোর্ড বৃত্তি, কারিগরি বৃত্তি ও বুয়েট বৃত্তিসহ সকল ধরণের বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের বৃত্তির টাকা অনলাইনে শিক্ষার্থীদের ব্যাংক হিসাবে(Bank Account) প্রেরণের সুবিধার্থে অনলাইন সুবিধা সম্পন্ন ব্যাংক শাখায় আগামী ১১/০৩/২০২০ইং তারিখের মধ্যে শিক্ষার্থীদের নিজ নিজ নামের ব্যাংক হিসাব (Bank Account) খুলতে হবে। এই বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত সকল লেভেল, টার্ম এবং শিক্ষাবর্ষের ছাত্র-ছাত্রীদের মধ্যে যারা এখনও ব্যাংক হিসাব(Bank Account) খুলে নাই এবং নিজ নিজ BIIS ACCOUNT -এ ব্যাংক হিসাব নম্বর UpLoad করে নাই তাদেরকে জরুরী ভিত্তিতে আগামী ১১/০৩/২০২০ইং তারিখের মধ্যে সোনালী ব্যাংক লিঃ, বুয়েট শাখায় সঞ্চয়ী হিসাব খুলতে হবে এবং ব্যাংক হিসাব (Bank Account) নম্বরটি আগামী ১৩/০৩/২০২০ইং তারিখের মধ্যে ছাত্র-ছাত্রীদের নিজ নিজ BIIS ACCOUNT -এ UpLoad করতে হবে। ছাত্র-ছাত্রীদের BIIS ACCOUNT -এ UpLoad করা ব্যাংক হিসাব নম্বরসহ নামের চূড়ান্ত তালিকা আগামী ১৫/০৩/২০২০ইং তারিখ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরে পাঠানো হবে। সুতরাং আগামী ১৩/০৩/২০২০ইং তারিখের মধ্যে ছাত্র-ছাত্রীগণ নিজ BIIS ACCOUNT -এ সোনালী ব্যাংক লিঃ, বুয়েট শাখার নিজ সঞ্চয়ী হিসাব নম্বর UpLoad করতে ব্যর্থ হলে বৃত্তির টাকা প্রদান করা যাবে না। পরবর্তীতে বৃত্তির টাকা তামাদি(Lapse) হয়ে যাবে। সেক্ষেত্রে বৃত্তির টাকা উত্তোলনেরও আর কোন সুযোগ থাকবে না।

উল্লেখ্য, সোনালী ব্যাংক লিঃ, বুয়েট শাখার নিজ সঞ্চয়ী হিসাব নম্বর ব্যতীত অন্য কোন ব্যাংক বা অন্য কোন ছাত্র-ছাত্রীর ব্যাংক হিসাব নম্বর ব্যবহার কোনক্রমেই গ্রহনযোগ্য হবে না ।

আরো উল্লেখ্য, এই বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত সকল ছাত্র-ছাত্রী (স্থানীয়) কোন না কোন বৃত্তিপ্রাপ্ত ।

স্বা/-
(মোঃ জসিম উদ্দিন আকন্দ এফসিএমএ)
কম্পট্রোলার

স্মারক নং প্রবি/কম্প/ছাহি/ব-১২/সি- ৩৭৯(১০০) তারিখ ঃ ২৩/০২/২০২০ইং

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরিত হইল ঃ-

১. রেজিস্ট্রার
২. সকল অনুষদের ডীন
৩. সকল বিভাগীয় প্রধান
৪. ছাত্রকল্যান পরিচালক
৫. পরিচালক, আই.আই.সি.টি(প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের অনুরোধসহ)
৬. সকল হল প্রভোষ্ট
৭. উপাচার্য মহোদয়ের একান্ত সচিব
৮. সকল বিভাগ ও হল নোটিশ বোর্ড
৯. বিশ্ববিদ্যালয়ের সকল নোটিশ বোর্ড
১০. উপ-ব্যবস্থাপক, সোনালী ব্যাংক লিঃ, বুয়েট শাখা (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের অনুরোধসহ) ।

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়,
ঢাকা।

23/02/2020

( মোঃ সহিদ উল্যা বকাউল )
সহকারী পরিচালক